

## পরিবেশ নিরাপত্তা এবং স্বাস্থ্যবিধি নীতি

### EHS Policy

#### উদ্দেশ্যঃ

নিরবিচ্ছিন্নভাবে কারখানায় উৎপাদন নিশ্চিত করণের জন্য কারখানায় পরিবেশ নিরাপত্তা এবং স্বাস্থ্যবিধি নীতিমালা প্রয়োজন করা হয় ।

#### পরিধি:

বঙ্গ বিল্ডিং ম্যাটেরিয়ালস লিমিটেড, অলিপুর, শায়েস্টাগঞ্জ, হবিগঞ্জ- এর সকল বিভাগ/ শাখার জন্য এই নীতিমালা প্রযোজ্য হবে ।

#### দায়িত্বঃ

দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট এইচআর, কম্প্লায়েন্স কর্মকর্তা ও প্রশাসন বিভাগে নিয়োজিত ব্যক্তিবর্গ ।

#### বিবরণঃ

বঙ্গ বিল্ডিং ম্যাটেরিয়ালস লিমিটেড সব সময়ই সুস্থ ও সুন্দর পরিবেশ ব্যবস্থাপনার উপর গুরুত্ব দিয়ে থাকে । কর্মীদের নিরাপত্তা ও স্বাস্থ্যকর কাজের পরিবেশ সৃষ্টিই এই নীতি মালার লক্ষ্য ।

স্বাস্থ্যকর কাজের পরিবেশ এবং নিরাপত্তা নিশ্চিত করার জন্য যে সমস্ত নীতিমালা গ্রহণ করা হয়েছে সে গুলো নিম্নরূপ :

- পরিবেশ, নিরাপত্তা , এবং স্বাস্থ্য আইন বিধি ও চুক্তি অনুযায়ী বিভিন্ন ছক ও নির্দেশিকার মাধ্যমে আমরা আভ্যন্তরীন মান পর্যবেক্ষণ করি ।
- কক্ষের অভ্যন্তরীন সব দেয়াল, শ্রমিকদের কাজের ঘর, মেঝে এবং সিড়িগুলো ময়লা ও দর্ঘনমুক্ত এবং সঠিকভাবে চুনকাম করা ।
- মেঝের আপ্রয়োজনীয় ময়লা সর্বদাই ক্লিনার দ্বারা পরিষ্কার করানো হয় এবং প্রতিসংগ্রহে একবার জীবানু নাশক ও গুড়ো সাবান দিয়ে ধোত করা হয় ।
- উৎপাদন প্রক্রিয়ার দরজন যে সমস্ত ময়লা আবর্জনা বের হয় তা প্রতি মাসে স্থানীয় ব্যবসায়ীর কাছে বিক্রি করা হয় । ব্যবসায়ীরা এ সমস্ত জিনিস গুলো তুলায় রূপান্তরিত করে নিয়ন্ত্রণীয় জিনিস তৈরী করেন যা পরিবেশের জন্য ক্ষতিকারক নয় । ব্যবহারকৃত ময়লা পানি এবং অন্যান্য ময়লা আবর্জনা প্রবাহিত হয়ে যাওয়ার মত যথেষ্ট ড্রেন এবং সেফটি ট্যাংক আছে । ফলে ময়লা জমে দুর্গন্ধ ছড়ানোর কোন সম্ভাবনা নাই ।
- পুরাতন টিউব লাইট রিসাইকেলদের নিকট বিক্রয় করা হয় ।
- কর্মীদের কাজের স্থানে প্রয়োজনীয় বায়ুচলাচল এবং উপযুক্ত তাপমাত্রা বজায় রাখার জন্য সেন্ট্রাল এসির ব্যবস্থা করা হয়েছে । পূর্ব পশ্চিম এবং উত্তর দিকে বৃহৎ আকারের জানালা দিয়ে অবাধে বায়ু চলাচল করে যা শ্রমিকদের কাজের স্থানের তাপমাত্রা আরামদায়ক করে তোলে ।
- বৃহদাকার জানালা গুলি গিয়ে প্রাকৃতিক আলো জানালা দিয়ে প্রবেশ করে । জানালার প্লাসগুলি উভয় দিকে সম্পূর্ণ স্বচ্ছ থাকায় বাঁধাইন ভাবে পর্যাপ্ত আলো প্রবেশ সম্ভবপর হয়েছে । প্রাকৃতিক আলোর সাথে ইলেকট্রিক্যাল লাইট গুলো আলোর গতিকে আরো তীব্রতর করেছে । যার ফলে সমস্ত কাজের স্থান এবং প্রবেশ পথ গুলো নিরাপদ ও কর্মোপযোগী হয়ে উঠেছে । সমগ্র ফ্লোরে আলোর তীব্রতা ৩৫০ লাক্স ।
- কর্মীদের পর্যাপ্ত পরিমাণে বিশুদ্ধ খাবার পানি সরবরাহের জন্য সুবিধাজনক স্থানে দুটো ফিল্টার স্থাপন করা হয়েছে । এবং কর্মীদের বুঝার সুবিধার্থে বংলায় এবং ইংরেজীতে ” বিশুদ্ধ খাবার পানির ” নির্দেশনা দেয়া আছে । ফিল্টারগুলো নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কার পরিচ্ছন্ন করা হয় ।
- কারখানা আইন অনুযায়ী কোম্পানীতে কর্মরত শ্রমিকদের জন্য সহজে ব্যবহারযোগ্য এবং সুবিধাজনক স্থানে প্রয়োজনমাফিক পায়খানা ও প্রস্তাবখান ব্যবস্থা করা হয়েছে । এ সমস্ত পায়খানা ও প্রস্তাবখানাগুলো যথোপযুক্তভাবে স্বাস্থ্য সম্মত উপায়ে পরিষ্কারক অথবা জীবানু নাশক দ্বার প্রতি দুই ঘন্টা পর পর পরিষ্কার পরিচ্ছন্ন করা হয় ।
- কারখানার সুবিধাজনক স্থানে যথেষ্ট সংখ্যক পিকদানীর ব্যবস্থা করা হয়েছে এবং তা নিয়মিত স্বাস্থ্যসম্মত ভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করা হয় ।

#### সূত্রঃ

বাংলাদেশ শ্রম আইন ২০০৬ (সংশোধনী- ২০১৩, ২০১৮) ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ (সংশোধনী- ২০২২) ।

#### উপসংহারঃ

বঙ্গ বিল্ডিং ম্যাটেরিয়ালস লিমিটেড উপোরোক্ত নীতি অনুযায়ী অত্র কারখানায় পরিবেশ নিরাপত্তা এবং স্বাস্থ্য বিষয়ক নীতিমালা মেনে চলবে ।

প্রয়োজন সাপেক্ষে কর্তৃপক্ষ বাংলাদেশ শ্রম আইনের সাথে সামঞ্জস্য রেখে উক্ত নীতির পরিবর্ত